

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৫৭

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ রুক্'তে যাওয়া এবং রুক্' থেকে মাথা উত্তোলন করার সময় রফ'উল ইয়াদাইন বা দুই হাত উত্তোলন করা মুস্তাহাব

ذِكْنُ مَا يُسْتَحَبُّ لِلْمُصلِّي رَفْعُ الْيَدَيْنِ عِنْدَ إِرَادَتِهِ الرُّكُوعَ وَعِنْدَ رَفْعِ رَأْسِهِ مِنْهُ

## আরবী

1857 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا رَائِدَةُ بِنُ قُدَامَةَ قَالَ: حَدَّثَنَا عَاصِمُ بْنُ كُلْيْبِ قَالَ: حَدَّثِنِي أَبِي: أَنَّ وَائِلَ بْنَ حُجْرٍ الْحَضْرَمِيَّ أَخْبَرَهُ قَالَ: قُلْتُ: لَأَنْظُرَنَّ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَيْفَ يُصَلِّي فَنَظَرْتُ أَخْبُرَهُ قَالَ: قُلْتُ: لَأَنْظُرَنَّ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَيْفَ يُصلِّي فَنَظَرْتُ إِلَيْهِ حِينَ قَامَ فَكَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ حَتَّى حَاذَتَا أُذُنيْهِ ثُمَّ وَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى ظَهْرِ كَفِّهِ الْيُسْرَى وَالسَّاعِدِ ثُمَّ لَمَّا أَرْادَ أَنْ يَرْكَعَ رَفَعَ يَدَيْهِ مِثْلَهَا ثُمَّ رَكَعَ فَوَضَعَ يَدَيْهِ عَلَى لَلْيُسْرَى وَالسَّاعِدِ ثُمَّ لَمَّا أَرْادَ أَنْ يَرْكَعَ رَفَعَ يَدَيْهِ مِثْلَهَا ثُمَّ رَكَعَ فَوَضَعَ يَدَيْهِ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى عَلَى فَوْتَعَ يَدَيْهِ مِثْلَهَا ثُمَّ رَكَعَ فَوَضَعَ يَدَيْهِ عَلَى اللَّهُ عَلَى وَالسَّاعِدِ ثُمَّ لَمَا أَرْادَ أَنْ يَرْكَعَ رَفَعَ يَدَيْهِ بِحِذَاءِ أَذُنيُهِ ثُمَّ رَكَعَ فَوَضَعَ يَدَيْهِ مِثْلَهُا ثُمَّ رَفَعَ رَأُسُهُ فَرَقَعَ يَدَيْهِ مَثْلَقَ اللَّهُ مُنَى وَالْمَعْنَى وَعَقَدَ ثِنْتَيْنِ مِنْ أَصَابِعِهِ وَحَلَّقَ حَلْقَةً ثُمَّ رَفَعَ إِصْبُعَهُ فَرَأَيْتُهُ الثِيَّلِ فَي مَنْ السَّيَاسَ عَلَيْهِمْ جُلُّ الثِيَابِ يَدْعُو بِهَا ثُمُ جَنْتُ بَعْدَ ذَلِكَ فِي زَمَانٍ فِيهِ بَرْدٌ فَرَأَيْتُ النَّاسَ عَلَيْهِمْ جُلُّ الثِيَابِ وَيَكُنَّ لَكُونَ الْقَيْابِ فَي الْمَاسَ عَلَيْهِمْ جُلُّ الثِيَابِ وَلَكَ فَي زَمَانٍ فِيهِ بَرْدٌ فَرَأَيْتُ النَّاسَ عَلَيْهِمْ جُلُّ الثِيَابِ وَلَا لَوْ يَوْكُونَ لَكُ أَيْتُهُ النَّيَاسَ عَلَيْهُمْ جُلُّ الثِيَابِ وَلَا لَكَيْ الْمُولُ الْمُنْ الْمُنْ الْمُنَاقِ مَلَا اللَّيَاسَ عَلَيْهُمْ جُلُّ الثَيَاسَ عَلَيْهُمْ جُلُّ الثَيَاسَ عَلَيْهِمْ حَلَى الْمُعْلَى الْمُولِ الْمُولِ الْمُعْمَلِ عَلَى اللْمُ الْمُنْ الْمُعْلَى عَلَى اللَّهُ الْمُنْ الْمُنْ الْمُعْمَى اللَّهُ الْمُنْ الْمُعْفَى الْمُعْلِي الْمُعْلَى الْمُعْلَى اللْمُعْمَلِهُ اللَّهُ الْمُ

الراوي: وَائِل بْن حُجْرٍ الْحَضْرَمِيّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1857 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (717).

## বাংলা

১৮৫৭. ওয়াইল বিন হুজর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি বললাম, "অবশ্যই আমি লক্ষ্য করবো যে, কিভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিভাবে সালাত আদায় করেন। অতঃপর যখন তিনি



দাঁড়ালেন, আমি দেখলাম, তিনি তাকবীর দিলেন এবং রফ'উল ইয়াদাইন বা দুই হাত উত্তোলন করলেন এমনকি তা তাঁর দুই কান বরাবর করলেন। তারপর তিনি ডান হাত বাম হাতের পাতার পিঠ, কজি ও বাহুর উপর রাখলেন। তারপর যখন রুকু' করতে চাইলেন, তখনও অনুরুপভাবে রফ'উল ইয়াদাইন বা দুই হাত উত্তোলন করলেন। তারপর রুকু' করলেন। তিনি তাঁর দুই হাত দুই হাঁটুর উপর রাখলেন। তারপর তিনি রুকু' থেকে মাথা উত্তোলন করলেন এবং অনুরুপভাবে রফ'উল ইয়াদাইন করলেন। তারপর সাজদা করলেন। তিনি তাঁর দুই হাতের পাতা দুই কান বরাবর রাখলেন। তারপর বসলেন। বাম উরু বিছিয়ে দিলেন এবং ডান হাত ডান উরু ও হাঁটুর উপর রাখলেন। আর ডান হাতের কুনুইয়ের সীমা বাম উরু বরাবর করেন এবং তাঁর দুই আঙ্গুলকে গিরা দিয়ে বৃত্ত বানান। তারপর তিনি তাঁর এক আঙ্গুল উঠান। আমি দেখতে পাই যে, তিনি তা নড়াচ্ছেন এবং তার মাধ্যমে দু'আ করছেন। তারপর শীতকালে আবার তাঁর কাছে আসি, আমি লোকজনকে দেখতে পেলাম তারা ভারি কাপড় পরিধান করেছেন। কাপড়ের নিচে তাদের হাতগুলো নড়ছিলো (অর্থাৎ চাদরের নিচে তারা রফ'উল ইয়াদাইন করছিলেন)।"[1]

## ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ২২/৮২; আবূ দাউদ: ৭২৭; মুসনাদ আহমাদ: ৪/৩১৮; ইমাম বুখারী, কুররাতুল আইনাইন ফী রফইল ইয়াদাইন: ১১ পৃষ্ঠা; নাসাঈ: ২/১২৬; দারেমী: ১/৩১৪; ইবনুল জারূদ: ২০৮; হুমাইদী: ৮৮৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫২২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৩৪; ইবনু মাজাহ: ৮৬৭; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২২৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭১৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন